(৫০০৮০)
তারবার্তাঃ
বাংলা ব্যাংক
দূরালাপনী ঃ ৭১২৬১০১-২০

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাক্স নং ৩২৫
ঢাকা

কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(শিল্প উপ বিভাগ)

এসিএসপিডি সার্কুলার নং-০২

তারিখ ঃ ১৯/০৭/২০০৫ইং

বাংলাদেশের সকল
তফশিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন প্রসংগে ।

উপরোক্ত বিষয়ে ০২-০৫-২০০৪ তারিখে জারীকৃত এসিএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

উল্লিখিত সার্কুলারের মাধ্যমে প্রবর্তিত 'স্মল এন্টারপ্রাইজখাতে পুনঃঅর্থায়ন স্কীম'-এর সুবিধা সম্প্রসারণ ও বিস্তৃতির লক্ষ্যে **এশীয় উন্নয়ন ব্যাংকের** আর্থিক সহায়তায় বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত **"স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট'** এর আওতায় বাংলাদেশ ব্যাংকে ৩০ মিলিয়ন মার্কিন ডলার এর সমমূল্যের বরাদ্দ সম্বলিত একটি তহবিল গঠন করা হয়েছে । **স্মল এন্টারপ্রাইজ খাতে** অর্থায়নকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে উক্ত তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে । এই তহবিলের অধীনে পুনঃঅর্থায়ন সুবিধার ক্ষেত্রে সূত্রে উল্লিখিত সার্কুলারে বর্ণিত শর্তাবলীসহ অন্যান্য যে সমস্ত শর্ত প্রযোজ্য হবে তার পূর্নাঙ্গ বিবরণ নিম্নে উল্লেখ করা হল ঃ

১. যে সমস্ত শিল্প/ব্যবসা প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদের পরিমাণ সর্বোচ্চ ১.০০ কোটি টাকা, সে সমস্ত প্রতিষ্ঠান আলোচ্য স্কীমের আওতায় **স্মল এন্টারপ্রাইজ** হিসেবে গণ্য হবে ।

২. স্মল এন্টারপ্রাইজ খাতে এককক্ষেত্রে ২.০০ লক্ষ টাকা থেকে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত মেয়াদী বা চলতি মূলধন বাবদ প্রদত্ত ঋণের বিপরীতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে বিতরণকৃত ঋণের সর্বোচ্চ ১০০% পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে । পুনঃঅর্থায়ন সুবিধা 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে প্রদেয় হবে ।

৩. বাংলাদেশ ব্যাংক প্রদত্ত পুনঃঅর্থায়নের উপর প্রচলিত ব্যাংক রেটে (Prevailing Bank Rate) সুদ প্রযোজ্য হবে । গ্রাহক পর্যায়ে অর্থায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বাজারভিত্তিক সুদ হার প্রযোজ্য হবে ।

৪. ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে প্রতি তিনমাস পর পর আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন পেশ করবে । প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ১৫ দিনের মধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পুনঃঅর্থায়নের জন্য আবেদন করতে হবে ।

৫. আলোচ্য স্কীমের তহবিল ব্যবস্থাপনার সুবিধার্থে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রতি ছয় মাস সময়ের জন্য স্কীমের আওতায় নির্ধারিত খাতে সম্ভাব্য ঋণ বিতরণের পরিমাণ ও তার বিপরীতে প্রয়োজনীয় পুনঃঅর্থায়নের পরিমাণ সম্পর্কে একটি আগাম প্রাক্কলন ষান্মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে ।

৬. পুনঃঅর্থায়ন সুবিধা চলতি মূলধন এবং মধ্য ও দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে । চলতি মূলধন সর্বোচ্চ এক বছর মেয়াদী, মধ্য মেয়াদী ঋণ সর্বোচ্চ ৩ বছর মেয়াদী ও দীর্ঘ মেয়াদী ঋণ সর্বোচ্চ পাঁচ বছর মেয়াদী হবে ।

২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

৭. পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণ নিম্নোক্ত পদ্ধতিতে পরিশোধযোগ্য হবে ;

ক) চলতি মূলধন ঋণ ঃ ঋণ গ্রহণের তারিখ থেকে দু'টি সমান ষান্মাসিক কিস্তিতে এক বছরে সুদসহ পরিশোধযোগ্য ।

খ) মধ্য-মেয়াদী ঋণ ঃ ঋণ গ্রহণের তারিখ থেকে ৬ মাস রেয়াতী সময়সহ সমান ৫টি ষান্মাসিক কিস্তিতে তিন বছরের সুদসহ পরিশোধযোগ্য ।

গ) দীর্ঘ মেয়াদী ঋণ ঃ ঋণ গ্রহণের তারিখ থেকে ১ বছর রেয়াতি সময়সহ সমান ৮টি ষান্মাসিক কিস্তিতে পাঁচ বছরে সুদসহ পরিশোধযোগ্য ।

৮. উপরে উল্লিখিত পরিশোধসূচী মোতাবেক পুনঃঅর্থায়িত অর্থের কিস্তি নির্ধারিত তারিখে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ঋণ গ্রহীতা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের চলতি হিসাব থেকে আদায় করা হবে ।

৯. ঋণগ্রহীতা নির্বাচন, ঋণ মঞ্জুরী, বিতরণ, দলিল সম্পাদন, ডেট ইকুইটি অনুপাত, মার্জিন, ঋণের বিপরীতে বীমাকরণ, ঋণের সদ্ব্যবহার ও তদারকীর ব্যাপারে ঋণ প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব বিধি বিধান ও ব্যাংক গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে । বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপর ন্যস্ত থাকবে। ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনা পরিশোধের কোন সম্পর্ক থাকবে না।

১০. আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য নিম্নে বর্ণিত শর্ত পূরণে সক্ষম ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকেই কেবল মাত্র যোগ্য বলে বিবেচনা করা হবে ঃ

ক) অনুর্ধ ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণসমূহের মধ্যে শ্রেণীবিন্যাসিত ঋণের হার ১০ শতাংশের নীচে থাকতে হবে ।

খ) বাংলাদেশ ব্যাংক নির্ধারিত হারে পর্যাপ্ত মূলধন সংরক্ষণ করতে হবে ।

গ) শ্রেণীবিন্যাসিত ঋণের বিপরীতে বিধি মোতাবেক পর্যাপ্ত প্রভিশন সংরক্ষণ করতে হবে ।

ঘ) যথাযথ ঝুঁকি ব্যবস্থাপনা (risk management) ও এন্টি মানি লন্ডারিং সম্পর্কিত বিধি-বিধানের পরিপালন নিশ্চিত করতে হবে।

ঙ) একক ঋণগ্রহীতা বা গোষ্ঠীর ক্ষেত্রে ঋণ সুবিধার সর্বোচ্চ সীমা (Single borrower exposure limit) সংক্রান্ত নীতিমালার অনুসরণ নিশ্চিত করতে হবে ।

১১. আলোচ্য স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন গ্রহণে আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে মহাব্যবস্থাপক, কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ,বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement)সম্পাদন করতে হবে। বাংলাদেশ ব্যাংক ও আইডিএ-এর তহবিল সহায়তায় প্রবর্তিত স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় যে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ইতিপূর্বে বাংলাদেশ ব্যাংকের সাথে চুক্তি সম্পাদন করেছে তাদেরকেও আলোচ্য তহবিলের আওতায় (এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় গঠিত তহবিল) নতুন করে অংশগ্রহণ চুক্তি সম্পাদন করতে হবে ।

১২. উপরে উল্লিখিত পুনঃঅর্থায়ন সুবিধা নতুনভাবে ব্যবসা পরিচালনা বা শিল্প স্থাপন, ব্যবসা সম্প্রসারণ, বিদ্যমান শিল্পের বিএমআরই প্রভৃতি কাজে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে ।

১৩. শস্য ও মৎস্য উৎপাদনের জন্য প্রদত্ত ঋণ, কনজ্যুমার ঋণ ও ব্যক্তিগত ঋণের ক্ষেত্রে এই পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে না ।

১৪. মহিলা উদ্যোক্তাদেরকে স্মল এন্টারপ্রাইজ খাতে বিনিয়োগে উৎসাহিত করার লক্ষ্যে আলোচ্য তহবিলের ১০% বরাদ্দকৃত থাকবে । অতএব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ মহিলা উদ্যোক্তাদেরকে এ স্কীমের আওতায় ঋণ সুবিধা প্রদানের প্রচেষ্টা গ্রহণ করবে ।

১৫. অত্র সার্কুলার জারীর তারিখের পরবর্তী সময়ে প্রদত্ত ঋণের ক্ষেত্রেই কেবলমাত্র পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে । আরো উল্লেখ্য যে, পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদনের তারিখ থেকে ১৮০ দিন পূর্বে প্রদত্ত ঋণের ক্ষেত্রে এই পুনঃঅর্থায়ন সুবিধা প্রদেয় হবে না ।

৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

১৬. ভুল তথ্য প্রদানের মাধ্যমে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা হলে উক্ত রূপে গৃহীত অর্থের উপর সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ব্যাংক রেট অপেক্ষা ৫% অধিক হারে সুদসহ সম্পূর্ণ বকেয়া ঋণ এককালীন আদায় করা হবে ।

১৭. পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণের সদ্ব্যবহার সম্পর্কে অর্থায়নকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ছকে বাংলাদেশ ব্যাংকে ত্রৈমাসিক ভিত্তিতে একটি বিবরণী প্রদান করতে হবে ।

১৮. আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণে আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে এতদুদ্দেশ্যে আবশ্যক চুক্তিপত্র, প্রতিশ্রুতিপত্র (D P Note) ও পুনঃঅর্থায়নের আবেদনপত্র ইত্যাদির নমুনা বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ থেকে সংগ্রহের জন্য পরামর্শ দেয়া গেল ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(নিতাই দাস সাহা)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৯৪৭